দৈনিক
জনকণ্ঠ

তারিখ 27 AUG 2017
পৃষ্ঠা ১৫ কলাম ২

# সাতক্ষীরায় মিলের ধোঁয়ায় দুই স্কুলে ক্লাস বিপর্যয় ॥ প্রতিবাদে মানববন্ধন

**স্টাফ রিপোর্টার, সাতক্ষীরা ॥** অটোরাইচ মিলের কালো ধোঁয়া ও ছাইয়ের কারণে দুটি স্কুলের শিক্ষার্থী ক্লাস করতে পারছে না। সুষ্ঠভাবে ক্লাস করার পরিবেশ বিপর্যয় ঘটেছে। পাশাপাশি রাইস মিলের বর্জ্য প্রধান সড়কের পাশে সেচ খালে ফেলায় কৃষিজমি এবং পরিবেশের মারাত্মক বিপর্য ঘটেছে। এই পরিবেশ দূষণের প্রতিবাদে এবং জনগুরুত্বপূর্ণ এলাকা থেকে রাইস মিলটি জরুরীভাবে সরিয়ে নেয়ার দাবিতে সাতক্ষীরা -খুলনা সড়কে মানববন্ধন কর্মসূচী পালন করেছে দুটি স্কুলের কয়েক শ' শিক্ষার্থী ও এলাকাবাসী। শনিবার বেলা সাড়ে ১১টায় ত্রিশমাইল অটোরাইচ মিল সংলগ্ন বঙ্গবন্ধু পেশাভিত্তিক মাধ্যমিক বিদ্যালয়ের সামনে ঘণ্টাব্যাপী এ মানববন্ধন কর্মসূচী পালিত হয়। এলাকাবাসীর আয়োজনে তালা উপজেলার নগরঘাটা ইউপি সদস্য লক্ষ্মী কান্ত সরকারের সভাপতিত্বে মানববন্ধন কর্মসূচীতে বক্তব্য রাখেন জেলা ওয়র্কার্স পার্টি নেতা ফাহিমুল হক কিসলু, নগরঘাটা ইউপি চেয়ারম্যান কামরুজ্জামান লিপু, বঙ্গবন্ধু পেশাভিত্তিক স্কুলের প্রধান শিক্ষিকা লায়লা পারভীন সেঁজুতি, সাতক্ষীরা কলেজ শিক্ষক সমিতির সভাপতি আব্দুর রহমান, বঙ্গবন্ধু পেশাভিত্তিক স্কুলের শিক্ষক বাবু রামকৃষ্ণ মন্ডল।

মানববন্ধন কর্মসূচী থেকে আবাসিক এলাকায় স্থাপিত রাকিব অটো রাইস মিলটি বন্ধের দাবি জানিয়ে বক্তারা বলেন, রাকিব অটো রাইস মিলের কালো ধোঁয়া আর ছাই উড়ে এসে পার্শ্ববর্তী বঙ্গবন্ধু পেশাভিত্তিক স্কুল ও কাপাশডাঙ্গা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের চোখে-মুখে পড়ছে। তারা সঠিকভাবে ক্লাস করতে পারছে না। এ ছাড়া মিলের বর্জ্য সেচখালের মাধ্যমে বেতনা ও কপোতাক্ষ নদের পানিতে মিশে মারা যাচ্ছে দেশী প্রজাতির মাছ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর